

তুষারপাতের মত কোনো দুর্যোগ থেকে হওয়া দুর্ঘটনার মোকাবেলা করা

পটভূমি:

এই জেলায় আপনি শীতকালে কিছু পরিমাণ বরফ জমার প্রত্যাশা করতে পারেন। অল্প পরিমাণের বরফ রাস্তা পিচ্ছিল করে দিতে পারে এবং অনেক বেশী পরিমাণের বরফ রাস্তাকে গাড়ী চালানোর অযোগ্য, অবরুদ্ধ করে তুলতে পারে এবং গোটা শহরে বিদ্যুৎ বিভ্রাট ঘটতে পারে। দমকা বাতাসের সাথে তুষারপাত হলে তা দৃশ্যমানতা ভয়ানকভাবে কমিয়ে দিতে পারে, তাই মোটরসাইকেল আরোহীদের এই ধরনের অবস্থার ক্ষেত্রে চরম সতর্কতা অবলম্বন করার অনুরোধ করা হচ্ছে।

সাধারণভাবে, আপনাকে একটি **উপদেশ** এবং একটি **সতর্কতার** মধ্যে পার্থক্য জানতে হবে।

- তুষারপাতের **উপদেশ** মানে হল যে বরফ পড়তে পারে এবং পড়ে জমে যেতে পারে।
- তুষারপাতের **সতর্কতা** মানে হল প্রচুর পরিমাণে তুষারপাত হচ্ছে অথবা হতে চলেছে।

তুষারপাত সম্পর্কিত উপদেশ অথবা সতর্কতা:

- আবহাওয়া রিপোর্ট এবং আপৎকালীন তথ্যের জন্য রেডিও শুনুন, টেলিভিশন দেখুন অথবা NOAA আবহাওয়া রেডিও শুনুন।
- আপনার বাড়ী এবং গাড়ীতে আপৎকালীন “গো-কীট” রাখুন। কিভাবে গো-কীট তৈরি করতে হবে সেই বিষয়ে জানতে www.72hours.dc.gov-এ যান।
- খুব প্রয়োজন না হলে গাড়ী না চালানোই ভালো। আপনাকে যদি গাড়ী চালাতেই হয় তাহলে এগুলি করুন:
 - দিনে দিনে ভ্রমণ করুন, এবং অন্যদেরকে আপনার সময়সূচি সম্পর্কে অবগত রাখুন।
 - প্রধান সড়ক ধরে ভ্রমণ করুন; ছোট রাস্তা এবং সরু গলি দিয়ে ফিরে যাওয়া এড়িয়ে যান।
- যদি তুষারপাতের জরুরী অবস্থা জারী করা হয় তাহলে, তুষারপাতের জরুরী অবস্থার জন্য যেসব রাস্তা ব্যবহার করা হয়ে সেখানে গাড়ী পার্ককরবেন না। এইসব রাস্তায় যানবাহন পার্ক করলে \$250 জরিমানা করা হবে অথবা যান নিয়ে চলে যাওয়া হবে।
- আপনার বাড়ী এবং/অথবা দোকানের সিঁড়ি এবং ফুটপাথ থেকে তুষার এবং বরফ সাফ করুন। ডি.সি.-এর আইনানুসারে তুষারপাত বন্ধ হয়ে যাওয়ার পর দিনের আলো থাকাকালীন আট ঘন্টার মধ্যে বাসিন্দাদেরকে সিঁড়ি এবং ফুটপাথ থেকে তুষার সরাতে হবে।
- বেলচা দিয়ে বরফ সরানোর সময় খুব বেশী পরিশ্রম করবেন না। খুব বেশী পরিশ্রম করার ফলে হার্ট অ্যাটাক হতে পারে—শীতকালে যা হল মৃত্যুর একটি প্রধান কারণ।
- আপনার শরীরে **তুষারস্পর্শের** কারণে দেহ প্রদাহের লক্ষণ দেখা দিচ্ছে কিনা দেখুন--- যে জায়গায় এটি লাগবে সেখানে স্বক সাদা এবং মোমের মতো দেখতে লাগে, অসাড় বা অনুভূতিহীন হয়ে পড়ে এবং/অথবা ফোঁসকা হওয়ার সম্ভবনা থাকে।
- আপনার শরীরে **হাইপোথার্মিয়ার** লক্ষণ দেখা দিচ্ছে কিনা দেখুন--- কাঁপুনি এবং অসাড়তা, অসংলগ্নতা বা মাথা ঘোরা, হাঁচট খাওয়া এবং দুর্বলতা, কথা ধীর বা অস্পষ্ট হয়ে যায় এবং শক লাগে।
- আপনি যদি দেখতে পান যে কোনো গৃহহীন ব্যক্তি ঠান্ডায় অসহায়ভাবে রয়েছে, তাহলে হাইপোথার্মিয়া হটলাইনের (202) 399-7093 এই নম্বরে ফোন করে জানান। ভ্যানে করে গৃহহীন ব্যক্তিদের



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011



তুষ্ৱৰপাত্ৰ মত কোনো দুৰ্যোগ থকে হওয়া দুৰ্ঘটনাৰ মোকাবেলা কৰা

আশ্ৰয়স্থানে পাঠানো হৰে।

- যদি আপনি অথবা আপনাৰ পৰিচিত কাৰো মধ্বে হাইপোথাৰ্মিয়া বা তুষ্ৱৰস্পৰ্শে দেহ প্ৰদাহেৰ লক্ষণ দেখা যায় তাহলে অবিলম্বে চিকিৎসা কৰুন।



ডিস্ট্ৰিক্ট অফ কলম্বিয়া সৰকাৰ
ৰচনা:
হোমল্যান্ড সিকিউৰিটি এন্ড ইমাৰ্জেঞ্চি ম্যানেজমেন্ট এজেঞ্চি (HSEMA)

সৰ্বশেষ সংশোধিত: নভেম্বৰ, 2011

